

সারাদেশ

সমাজসেবায় প্রশংসিত কুষ্টিয়ার তরুণ পলাশ কুমার দাস



প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



কুষ্টিয়ার মিরপুর উপজেলার চিথলিয়া গ্রামের তরুণ সমাজকর্মী পলাশ কুমার দাস নীরবে-নিভৃতে বিভিন্ন সামাজিক ও মানবিক কর্মকাণ্ড পরিচালনা করে স্থানীয়দের প্রশংসা অর্জন করেছেন। তিনি দেবেন চন্দ্র দাসের ছেলে।

ছাত্রজীবন থেকেই সমাজসেবামূলক বিভিন্ন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত পলাশ কুমার দাস পরিবেশ সংরক্ষণে নিয়মিত বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন এবং সাধারণ মানুষকে বৃক্ষরোপণে উদ্বুদ্ধ করেন। পাশাপাশি স্বচ্ছায় রক্তদান এবং জরুরি প্রয়োজনে রক্তদাতা সংগ্রহের মাধ্যমে অসহায় রোগীদের পাশে দাঁড়ানোর কাজও করে আসছেন।

এ ছাড়া বাল্যবিয়ে প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা, অভিভাবক ও শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব সম্পর্কে জনসচেতনতা তৈরিতেও সক্রিয় ভূমিকা রাখছেন তিনি। পরিবেশ সংরক্ষণ ও টেকসই ভবিষ্যৎ গড়ে তুলতে বিভিন্ন সামাজিক

উদ্যোগে তাঁর অংশগ্রহণ স্থানীয়দের দৃষ্টি কেড়েছে।

স্থানীয় বাসিন্দাদের ভাষ্য, ব্যক্তিগত স্বার্থের উর্ধ্বে উঠে দীর্ঘদিন ধরে সামাজিক দায়বদ্ধতা থেকে জনকল্যাণমূলক নানা কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত রেখেছেন পলাশ কুমার দাস। তাঁর উদ্যোগে এলাকার অনেক তরুণও স্বেচ্ছাসেবী কর্মকাণ্ডে যুক্ত হতে উৎসাহিত হচ্ছেন।

পলাশ কুমার দাস বলেন, "সমাজ ও মানুষের জন্য কাজ করার মধ্যেই আমি আত্মতৃপ্তি খুঁজে পাই। ভবিষ্যতেও পরিবেশ সংরক্ষণ, মানবিক সহায়তা এবং সামাজিক সচেতনতা বৃদ্ধিতে কাজ করে যেতে চাই।"

এ বিভাগের আরও খবর



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভিযাচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি গ্রামের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেলি গাঁজাসহ রাব্বি হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরের কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরের কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অজ্ঞাত বয়সসহ সামাজিক পরিস্থিতি
বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল লোম....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/smajsebay-prshngsit-kushtiyar-trun-plash-kumar-das>